



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৪৬

তারিখ: ৭ চৈত্র ১৪২৭

২১ মার্চ ২০২১

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ৬৭০০ মে.টন গমের চলাচলসূচি

- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ১৪/০৩/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০৪.১৯.৩০০ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১৬/০৩/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১০.৪৩.০০২.২০.৬৭৬ নং স্মারক
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর ১৯/১০/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.৬১০০.০০০.৯৯.০৪১.২০.৬১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ও চট্টগ্রাম বিভাগে এলএসডি/সিএসডিতে মার্চ'২০২১ মাসে ইপি, ওপি, ময়দামিল, আশ্রায়ন খাতে বিলি-বিতরণের জন্য গমের চাহিদা সূত্রস্থ ১ নং ও ২ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। এছাড়া ময়মনসিংহ সিএসডি'র অভ্যন্তরে রাইস সাইলো নির্মাণের কাজ চলমান থাকায় রেল সাইডিং বর্তমানে অকেজো অবস্থায় রয়েছে। রেল পথে চলাচলসূচি জারি করা হলে লোড বা আনলোড করা সম্ভব হবে না বিধায় ময়মনসিংহ সিএসডিতে রেলপথে সূচি জারি না করার জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ কর্তৃক সূত্রস্থ ৩ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

তৎপ্রেক্ষিতে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের কতিপয় এলএসডি/সিএসডিতে মার্চ'২০২১ মাসে ইপি, ওপি, ময়দামিল, আশ্রায়ন খাতে বিলি-বিতরণের জন্য সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক ও নৌপথে মোট ৬৭০০ মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য বিলি-বিতরণ বিবেচনায় গম পরিবহণ করতে হবে এবং গুদামে অপ্রয়োজনীয় গমের মজুত যাতে না হয় এ বিষয়ে সতর্ক থাকতে হবে।

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ সাইলো	ঢাকা	সাভার এলএসডি	৫০০	গম	সড়ক পথ	আখানি, ঢাকা উপসূচি জারি করবেন
২.	ঐ	ঐ	কোনাখোলা এলএসডি	২০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	কলতাবাজার এলএসডি	৪০০	ঐ	ঐ	
৪.	ঐ	নরসিংদী	নরসিংদী এলএসডি	৪০০	ঐ	ঐ	
৫.	ঐ	গাজীপুর	জয়দেবপুর এলএসডি	৭০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	কালিয়াকৈর এলএসডি	৩০০	ঐ	ঐ	
৭.	ঐ	ঐ	শ্রীপুর এলএসডি	৩০০	ঐ	ঐ	

৮.	ঐ	ঐ	কালিগঞ্জ এলএসডি	১০০	ঐ	ঐ	
৯.	ঐ	টাংগাইল	বি-বেতকা এলএসডি	১০০	ঐ	ঐ	
১০.	আশুগঞ্জ সাইলো	ময়মনসিংহ	*ময়মনসিংহ এলএসডি	২০০	ঐ	ঐ	চসনি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন
১১.	ঐ	ঐ	*ময়মনসিংহ সিএসডি	৪০০	ঐ	ঐ	
১২.	ঐ	নেত্রকোনা	*নেত্রকোনা এলএসডি	১০০	ঐ	ঐ	
			মোট =	৩৭০০			

* নারায়ণগঞ্জ সাইলো ও তেজগাঁও সিএসডি হতে রুট মামলা থাকায় বিকল্প কেন্দ্র হতে সূচি জারি করা হলো।

নৌপথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সিএসডি	২০০০	বস্তাবন্দি গম	নৌ পথ	জেখানি, নারায়ণগঞ্জ উপসূচি জারি করবেন
২.	চট্টগ্রাম সাইলো	চাঁদপুর	চাঁদপুর সিএসডি	১০০০	ঐ	ঐ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন
			মোট =	৩০০০			
			সর্বমোট=	৬৭০০			

নির্দেশনাবলি:

- ১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।
- ২। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম, আশুগঞ্জ, নারায়ণগঞ্জ সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্ট অনুযায়ী গম পরিবহণ করবেন;
- ৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;
- ৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;
- ৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;
- ৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;
- ৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ ৩১/০৩/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২১-৩-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর,

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের

কার্যালয়, চট্টগ্রাম

৩) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো

৪) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো

৫) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো

৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ

নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২৪৬/১(৯)

তারিখ: ৭ চৈত্র ১৪২৭

২১ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের

অনুরোধ করা হলো)

৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক,

- ৮) ব্যবস্থাপক, সিএসডি
৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি



২১-৩-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক